গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনার এর কার্যালয়
কর অঞ্চল-২, চট্টগ্রাম।
www.ctgtaxeszone2.gov.bd

অর্থ বৎসর ২০২২-২০২৩ এর জন্য প্রযোজ্য উৎসে আয়কর কর্তন / সংগ্রহ এবং সরকারী কোষাগারে জমাদান বিষয়ক তথ্য কণিকা

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং - ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.০১৬.৭৫, তারিখ ১৭.০৮.২০১৭ খ্রিঃ মোতাবেক আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সপ্তম অধ্যায় (Payment of tax before assessment)-এর অন্তর্গত নিম্নোক্ত ধারা মোতাবেক নিম্নবর্ণিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষগণ উৎসে কর কর্তন / সংগ্রহ পূর্বক কর অঞ্চল-২, চট্টগ্রাম এর হিসাব কোড এ জমা প্রদান করবেন :

i) **উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ** : অধিক্ষেত্রাধীন কোম্পানী (চট্টগ্রাম ও বান্দরবান সিভিল জেলায় যে সকল কোম্পানীর প্রধান কার্যালয় অবস্থিত এবং যে সকল কোম্পানীর নামের আদ্যক্ষর বর্ণমালার J, N, O, P, S, U, V, Y (নামের পূর্বে 'দি' এবং 'মেসার্স' ব্যতীত) বর্ণ দ্বারা আরম্ভ হয় সে সকল করদাতা কোম্পানী এবং বিশেষ অধিক্ষেত্র হিসাবে ভেজিটেবল অয়েল, রিয়েল এষ্টেট, অনিবাসী (ব্যক্তি করদাতা), শিপিং ফ্রেইট, স্বর্ণ ব্যবসা, মানি চেঞ্জার, রেন্ট-এ-কার, ট্যাক্সি ক্যাব, ট্যুর অপারেটর, কম্পিউটার, সাইবার ক্যাফে, আই.এস.পি, ব্রড ব্যান্ড সংযোগকারী এবং ক্যাবল অপারেটর) ;

উৎসে কর কর্তনের ধারা : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর VII অধ্যায় এর অধীন সকল ধারায় (ধারা ৫০ হতে ধারা ৫৬) বর্ণিত উৎসে কর কর্তন।

ii) **উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ** : চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ;

উৎসে কর কর্তনের ধারা : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২, ৫২এ, ৫২এএ, ৫২সি, ৫২ডিডি, ৫২আই, ৫২জেজে, ৫২কে, ৫২পি, ৫২ইউ, ৫৩এ, ৫৩পি-এ বর্ণিত উৎসে কর্তন / সংগ্রহ।

কর অঞ্চল-২, চট্টগ্রাম এর অনুকূলে উৎসে কর্তনকৃত/সংগৃহীত আয়কর চালানের মাধ্যমে জমার ক্ষেত্রে হিসাব কোড ঃ

*	কোম্পানীর জন্য	১	১ ১ ৪ ১	০ ০ ৪ ৫	০ ১ ০ ১
*	কোম্পানী ব্যতীত	১	১ ১ ৪ ১	০ ০ ৪ ৫	০ ১ ১ ১

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে কর কর্তন/ সংগ্রহকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
১.	বেতন (Salaries)	ধারা-৫০	১) এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানীসমূহ (নিয়োগকর্তা বা বেতন পরিশোধের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা) ২) বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত)	করদাতাদের বেতন খাতে প্রাক্কলিত বার্ষিক মোট আয়ের উপর সংশ্লিষ্ট বৎসরের জন্য প্রযোজ্য কর হার অনুযায়ী প্রদেয় করের গড় হার। [তবে বাংলাদেশী নন এমন অনিবাসী করদাতার সমুদয় আয়ের উপরই ৩০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে]

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
২.	ক) কোন চুক্তি সম্পাদন (Chapter VII এর অন্য কোন ধারায় উল্লিখিত কোন সেবা প্রদান সংশ্লিষ্ট চুক্তি ব্যতীত) ; খ) দ্রব্যাদি সরবরাহ ; গ) উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ বা রূপান্তর ; ঘ) প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং ; [নোট ঃ চূড়ান্ত বিল পরিশোধের পূর্বেই আংশিক কিংবা অগ্রিম পরিশোধের ক্ষেত্রেও উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।]	ধারা-৫২ (বিধি-১৬)	১. ৫২ ধারায় সংজ্ঞায়িত Specified Person. ২. চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ;	ঠিকাদারী চুক্তি, উপচুক্তির বাৎসরিক বিলের ক্ষেত্রে, ভিত্তি মূল্য ঃ ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত — ৩% ৫০,০০,০০১/- টাকা হতে ২,০০,০০,০০০/- টাকা পর্যন্ত — ৫% ২,০০,০০,০০১/- টাকা হতে তদুর্ধ্ব — ৭% -যে ক্ষেত্রে PSR(Proof of submission of return) দাখিলের ব্যর্থতায় উৎসে কর কর্তনের হার ৫০% বৃদ্ধি -ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে payment গ্রহনের ব্যর্থতায় উৎসে কর কর্তনের হার ৫০% বৃদ্ধি
	(ঙ) তৈল বিপণনকারী কোম্পানী (Oil marketing companies) কর্তৃক তৈল সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)	৩. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	সরবরাহকৃত তৈলের মূল্যের উপর ০.৬০%
	(চ) তৈল বিপণনকারী কোম্পানীর এজেন্ট বা ডিলার কর্তৃক তৈল সরবরাহ (পেট্রোল পাম্প ব্যতিত)	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত তৈলের মূল্যের উপর ১%
	(ছ) তৈল শোধনাগার কোম্পানী কর্তৃক তৈল সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত তৈলের মূল্যের উপর ৩%
	(জ) গ্যাস ট্রান্সমিশন কোম্পানী কর্তৃক গ্যাস সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত গ্যাসের মূল্যের উপর ৩%
	(ঝ) গ্যাস বিতরণকারী কোম্পানী কর্তৃক গ্যাস সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত গ্যাসের মূল্যের উপর৩%
	(ঞ) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত সিমেন্ট, লোহা ও লৌহজাত পণ্য (এম.এস. বিলেট ব্যতীত) সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত সিমেন্ট, লোহা ও লৌহজাত পণ্যের মূল্যের উপর ২%
	(ট) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত এম.এস. বিলেট সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত এম.এস. বিলেট এর মূল্যের উপর ০.৫%
	(ঠ) স্থানীয়ভাবে সংগৃহীত এম.এস. স্ক্র্যাপ সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহকৃত এম.এস. স্ক্র্যাপ (স্থানীয় সংগৃহীত) এর মূল্যের উপর ০.৫%
	(ড) চাল, গম, আলু, পেয়াজ, রসুন, মোটরসুটি, মোটর ডাল, মসুর ডাল, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবন, ভোজ্য তেল, চিনি, গোলমরিচ, দারুচিনি, এলাচ, লবঙ্গ, খেজুর, তেজপাতা, পাট, তুলা, সুতা এবং সকল প্রকার ফল-ফলাদি সরবরাহ	ধারা-৫২ (বিধি-১৬ বি)		সরবরাহের ক্ষেত্রে ভিত্তি মূল্যের উপর ২%
	(ঢ) সরকার, সরকারী কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সংস্থা, সংযুক্ত দপ্তর বা অধিদপ্তর সমূহ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বই সরবরাহের ক্ষেত্রে উৎসে কর্তন			হার ৩%
	(ণ) ট্রেডারের নিকট ট্রেডিং পণ্য সরবরাহের ক্ষেত্রে			হার ৫%
	(প) উৎপাদক বা ম্যানুফাকচারারের নিকট কাচাঁমাল সরবরাহের ক্ষেত্রে			হার ৪%

- ৫২(১) প্রোভাইসো -

(a) বিল পরিশোধের সময় বিল গ্রহণকারী রিটার্ন দাখিলের প্রমাণাদি প্রদর্শনে ব্যর্থ হলে উৎসে করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে। **[ধারা ৫২এ ও ধারা ৫২এএ এর জন্যও প্রযোজ্য]**

(b) বিল গ্রহণকারী ব্যাংকিং মাধ্যমে যদি বিল গ্রহণ না করেন তাহলে উৎসে করের হার ৫০% এর অধিক হবে। **[ধারা ৫২এএ এর জন্যও প্রযোজ্য]**

(c) ধারা ৫৩ মোতাবেক উৎসে কর কর্তন করা হয়েছে এমন আমদানীকৃত পণ্য সরবরাহ করা হলে, উক্ত সরবরাহের ক্ষেত্রে উৎসে করের হার হবে B-A, যেখানে -

A = ধারা 53 অনুযায়ী উৎসে পরিশোধিত করের পরিমাণ ;

B = ধারা 53 অনুযায়ী উৎস কর কর্তন/পরিশোধ করা না হলে সরবরাহ পর্যায়ে ধারা ৫২ ও বিধি ১৬ অনুযায়ী যে উৎস কর প্রযোজ্য হতো সে অংক।

(d) ধারা 53E অনুযায়ী উৎস কর পরিশোধ করা হয়েছে এরূপ কোনো পণ্য, সংশ্লিষ্ট পরিবেশক, ডিলার বা এজেন্ট, যে নামেই অভিহিত করা হোক না কেন, কর্তৃক সরবরাহ করা হলে উক্ত সরবরাহের উপর ধারা 52 এর sub-section (1) এর ক্লজ (d) এর আওতায় উৎস করের পরিমাণ হবে B-A, যেখানে -

A = ধারা 53E অনুযায়ী উৎসে পরিশোধিত করের পরিমাণ ;

B = ধারা 53E অনুযায়ী উৎস কর কর্তন/পরিশোধ করা না হলে সরবরাহ পর্যায়ে ধারা ৫২ ও বিধি ১৬ অনুযায়ী যে উৎস কর প্রযোজ্য হতো সে অংক।

এ বিধানটি কেবল সে সব ক্ষেত্রে প্রযোজ্য হবে যে সব ক্ষেত্রে,

১) পরিবেশক, ডিলার বা এজেন্ট ও সরবরাহকারী একই ব্যক্তি (person) ;

২) সরবরাহকৃত পণ্যের বিপরীতে ধারা 53E অনুযায়ী যে উৎস কর পরিশোধ করা হয়েছে তা সুনির্দিষ্ট চিহ্নিত (identified) ও প্রতিষ্ঠিত।

তবে শর্ত থাকে যে, ধারা 53E(3) অনুযায়ী সম্পন্ন চুক্তির মাধ্যমে কোন পরিবেশক বা অন্য যে কোন ব্যক্তি কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে 52(1)(d) অনুচ্ছেদে উল্লেখিত B নিম্নরূপে নিরূপন করতে হবে -

B = ধারা 53E(3) তে উল্লেখিত পরিবেশক বা অন্য যে কোন ব্যক্তির নিকট কোম্পানী কর্তৃক বিক্রয়মূল্য × ৭% × ৫%।

বিশেষ দ্রষ্টব্য ঃ ২০১৯-২০ অর্থ বর্ষে প্রবর্তিত বিধান মোতাবেক ট্রেডিং প্রতিষ্ঠান কর্তৃক Cost of Sales এর অংশ হয় এরূপ কোন direct materials ক্রয়ের ক্ষেত্রে অথবা ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠান কর্তৃক Cost of goods sold এর অংশ হয় এরূপ কোন direct materials ক্রয়ের ক্ষেত্রে ধারা ৫২ এর Sub-section (১) এর ক্লজ (b) এর আওতায় উৎস আয়কর কর্তন প্রযোজ্য হবে।

- ৫২(২)(a) ধারায় সংজ্ঞায়িত specified Person : সরকার, সরকারের কোন দপ্তর বা ইউনিট, কোন কর্তৃপক্ষ করপোরেশন বা সত্তা, কোন প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম, জয়েন্ট ভেঞ্চার বা কনসোর্টিয়াম, সকল কোম্পানী, সমবায় ব্যাংক, সমবায় সমিতি, আর্থিক প্রতিষ্ঠান, এনজিও ব্যুরোর সাথে নিবন্ধিত এনজিও সমূহ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির লাইসেন্স প্রাপ্ত মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠান এবং এসোসিয়েশন অব পারসন্স, স্কুল কলেজ, ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয়, হাসপাতাল, ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার, ফান্ড বা ট্রাস্ট, ফার্ম, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ, বিদেশি ঠিকাদার, বাংলাদেশের বাইরে গঠিত কোন বিদেশি এন্টারপ্রাইজ, এসোসিয়েশন বা বডি, যে কোন ই-কমার্সপ্লাটফর্ম (যে নামেই অভিহিত করা হোক না কেন), হোটেল, রিসোর্ট, কমিউনিটি সেন্টার, ট্রান্সপোর্ট এজেন্সী (যাদের বার্ষিক টার্নওভার ১ কোটির বেশি) এবং উপরে উল্লিখিত হয় নি এরূপ কোন কৃত্রিম আইনি ব্যক্তি।

- ৫২(২)(b) সাব-কন্ট্রাক্ট, যে কোন সাব-সিক্যুউয়েন্ট কন্ট্রাক্ট, এগ্রিমেন্ট, এ্যারেঞ্জমেন্ট লিখিত বা অলিখিত যাই হোক, কন্ট্রাক্ট (Contract) এর অন্তর্ভুক্ত হবে।

- ৫২(২)(c) উৎস করের হার নির্ধারিত হবে ভিত্তি অংক (base amount) এর ভিত্তিতে। চুক্তি মূল্য, বিল বা ইনভয়েস অংক এবং পরিশোধ-এ তিনটির মধ্যে যেটি বেশি তাই হবে উৎস করহার নির্ধারণের ভিত্তি অংক।

- ৫২(২)(d) ট্রান্সফার,ক্রেডিট বা সমন্বয়ের মাধ্যমে অর্থ প্রদান বা পরিশোধের আদেশ বা নির্দেশ ও পরিশোধ (payment) হিসেবে বিবেচিত হবে এবং উৎস কর প্রযোজ্য হবে।

** একজন নিবাসী প্রাপক কোন অর্থ বছরে ধারা ৫২ এর আওতাভুক্ত খাতে একাধিক payment গ্রহন করলে তার সমষ্টি ঐ অর্থ বছরে প্রাপকের payment বলে গণ্য হবে এবং সে অনুযায়ী ভিত্তি অংক পরিগণিত হবে এবং উৎসে কর প্রযোজ্য হবে।

[ধারা ৫২(২)(a)(b)(c)(d) -এ বর্ণিত বিধান ধারা ৫২এ ও ধারা ৫২এএ এর জন্যও প্রযোজ্য]

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
৩.	রয়্যালটি, ফ্র্যাঞ্চাইজ, লাইসেন্স ফি, ব্র্যান্ড নাম, পেটেন্ট, ইনভেনশন, ফর্মুলা, প্রসেস, মেথড, ডিজাইন, প্যাটার্ন, নো-হাউ, কপি রাইট, ট্রেড মার্ক, ট্রেড নাম, লিটারারি বা মিউজিক্যাল বা আরটিসটিক কম্পোজিশন, সার্ভে, স্টাডি, ফোরকাস্ট, এস্টিমেট, কাস্টমার লিস্ট সহ অন্যান্য সকল ইনটেনজিবল ব্যবহারের অর্থ পরিশোধ।	ধারা-৫২এ	১. ৫২ ধারায় সংজ্ঞায়িত Specified Person. ২. চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person. (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ; ৩. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	ভিত্তি অংকের পরিমান - ২৫ লক্ষ টাকা পর্যন্ত - ১০% ২৫ লক্ষ টাকার অধিক হলে - ১২%
৪.	(১) অ্যাডভাইজরি ও কনসালটেন্সি সার্ভিস	ধারা -৫২এএ		১০%
	(২) প্রফেশনাল সার্ভিস, টেকনিক্যাল সার্ভিস ফি বা টেকনিক্যাল এসিসট্যান্স ফি। বিঃদ্রঃ = প্রফেশনাল সার্ভিস বলতে - ডাক্তার কর্তৃক প্রদত্ত সেবা, অন্য কোন পেশায় নিয়োজিত কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবা বা পেশাগত জ্ঞান প্রয়োগ করে প্রদত্ত অন্যান্য সেবা।	ধারা-৫২এএ		১০%
	(৩) (i) ক্যাটারিং সার্ভিস ; (ii) ক্লিনিং সার্ভিস ; (iii) আদায় / পূনঃরুদ্ধার সার্ভিস ; (iv) প্রাইভেট সিকিউরিটি সার্ভিস (v) জনশক্তি রপ্তানী (vi) ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস ; (vii) পাবলিক রিলেশনস্ সার্ভিস ; (viii) ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস ; (ix) ট্রেনিং ওয়ার্কশপ প্রভৃতি, অরগানাইজেশন এন্ড ম্যানেজমেন্ট সার্ভিস; (x) কুরিয়ার সার্ভিস ; (xi) প্যাকিং এন্ড শিফটিং সার্ভিস ; (xii) একই প্রকৃতির অন্য যে কোন সার্ভিস ;	ধারা-৫২এএ		a) কমিশন প্রদানের ক্ষেত্রে - ১০% b) গ্রস বিল পরিশোধের ক্ষেত্রে - ২%
	৪) মিডিয়া বাইয়িং এজেন্সী সার্ভিস			a) কমিশন প্রদানের ক্ষেত্রে - ১০% b) গ্রস বিল পরিশোধের ক্ষেত্রে - ০.৬৫%
	(৫) ইন্ডেন্টিং কমিশন			৮%
	(৬) মিটিং ফি, ট্রেনিং ফি অথবা সম্মানী			১০%
	(৭) মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা সেবা প্রদানকারী			১২%
	(৮) ক্রেডিট রেটিং সার্ভিস			১০%
	(৯) মোটর গ্যারেজ অথবা ওয়ার্কশপ			৮%
	(১০) প্রাইভেট কন্টেইনার বন্দর অথবা ডকইয়ার্ড সেবা			৮%
	(১১) শিপিং এজেন্সী কমিশন			৮%
	(১২) স্টেভেডরিং / বার্থ অপারেটর/ টার্মিনাল অপারেটর / শিপ হ্যান্ডেলিং অপারেটর			a) কমিশন প্রদানের ক্ষেত্রে - ১০% b) গ্রস বিল পরিশোধের ক্ষেত্রে - ৫%

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
	(১৩)(i) ট্রান্সপোর্ট সার্ভিস, ক্যারিং সার্ভিস, ভেহিক্যাল রেন্টাল সার্ভিস / রিপেয়ার এন্ড মেইনটেন্যান্স সার্ভিস	ধারা-৫২এএ	১. ৫২ ধারায় সংজ্ঞায়িত Specified Person.	৫%
	(১৩)(ii) শেয়ারিং ইকোনমি প্লাটফর্মএর অধীন যে কোন সার্ভিস যেমন রাইড শেয়ারিং সার্ভিস, কো-ওয়ার্কিং স্পেস প্রোভাইডিং সার্ভিস এবং এ্যাকোমোডেশন প্রোভাইডিং সার্ভিস		২. চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person.	৫%
	১৪) হুইলিং চার্জ ফর ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন		(কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ;	৩%
	১৫) ইন্টারনেট সার্ভিস			১০%
	১৬) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এ নিয়োজিত সেবা প্রদানকারী এজেন্ট অথবা চ্যানেল পার্টনার		৩. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	১০%
	(১৭) ৫২এএ ধারায় বিবৃত সেবার বাইরে যে কোন সেবা			১০%

- প্রোভাইসো -

তালিকার ৩ ও ৪ নং ক্রমিকে উল্লিখিত সেবার ক্ষেত্রে বিল বা ইনভয়েসে যদি কেবল কমিশন বা ফি (Commission or fee) উল্লেখ থাকে, অর্থাৎ কেবল কমিশন বা ফি পরিশোধ করা হয় তাহলে (a) তে উল্লিখিত হারে উৎস কর কর্তন করতে হবে। আর যদি বিলে কেবল গ্রস পরিমাণ উল্লেখ থাকে (আলাদাভাবে কমিশন বা ফি উল্লেখ না থাকে) তাহলে (b) তে উল্লিখিত হারে উৎস কর কর্তন করতে হবে। আর যদি কমিশন বা ফি উল্লেখসহ গ্রস বিল করা হয় তাহলে sub-section (1) এর প্রথম proviso অনুযায়ী উৎস কর হবে নিম্নোক্ত (ক) ও (খ) এর মধ্যে যেটি বড় সে অংক :

(ক) কমিশন বা ফি ভিত্তিতে পরিগণিত উৎস কর ;

(খ) B × C × D, যেখানে,

B = গ্রস বিলের অংক (কমিশন বা ফিসহ)

C = ক্রমিক ৩ এর ক্ষেত্রে ১০% এবং ক্রমিক ৪ এর ক্ষেত্রে ২.৫%

D = কমিশন বা ফি-র উপর প্রযোজ্য উৎস কর হার।

- ধারা ৫২এএ(২)(ই) - ‘প্রফেশনাল সার্ভিস’ বলতে -

i) ডাক্তার কর্তৃক প্রদত্ত সেবা ;

ii) অন্য কোন পেশায় নিয়োজিত কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবা বা পেশাগত জ্ঞান প্রয়োগ করে প্রদত্ত অন্যান্য সেবা।

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
৫.	সিএন্ডএফ কমিশন	ধারা - ৫২এএএ	কাস্টমস কমিশনার	বান্দরবান জেলার ক্ষেত্রে - পরিশোধিত কমিশনের উপর ১০%
৬.	অ-যান্ত্রিক সিগারেট (বিড়ি) প্রস্তুতকরণ	ধারা - ৫২বি	বিড়ি-সিগারেট উৎপাদকের নিকট ব্যান্ডরোল বিক্রয়ে নিয়োজিত ব্যক্তি	বান্দরবান জেলার ক্ষেত্রে - বিক্রিত ব্যান্ডরোল মূল্যের ১০%।
৭.	অধিগ্রহণকৃত সম্পত্তির বিপরীতে ক্ষতিপূরণ প্রদান	ধারা-৫২সি	চট্টগ্রাম ও বান্দরবান জেলায় ক্ষতিপূরণ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত যে কোন কর্তৃপক্ষ	সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড - এলাকায় অবস্থিত স্থাবর সম্পত্তির ক্ষেত্রে **ক্ষতিপূরণের অর্থের - ৬%** এবং এলাকার বাহিরে অবস্থিত স্থাবর সম্পত্তির ক্ষেত্রে **ক্ষতিপূরণের অর্থের - ৩%**

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
৮.	সঞ্চয়পত্রের সুদ	ধারা-৫২ডি	বান্দরবান জেলায় সঞ্চয়পত্রের সুদ পরিশোধের দায়িত্বে নিয়োজিত কোন ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান বা যে কোন ব্যক্তি	সঞ্চয়পত্রের সুদের উপর ১০% (পেনশনারস সঞ্চয়পত্রের ক্রমযোজিত **বিনিয়োগ ৫,০০,০০০/- টাকা** অতিক্রম না করলে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।)
৯.	Workers Participation Fund (WPF) হতে সুবিধাভোগিকে অর্থ পরিশোধ	ধারা-৫২ডিডি	১. চট্টগ্রাম জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ; ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	পরিশোধিত অর্থের ৫% (সুবিধাভোগীর আয় করযোগ্য না হলে এবং তহবিলের পরিমাণ ২৫,০০০/- টাকার উর্ধ্বে না হলে এখাতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না)
১০.	ইট প্রস্তুতকারক (বান্দরবান জেলার ইট প্রস্তুতকারক)	ধারা-৫২এফ	সার্কেল-৩৯ (চন্দনাইশ) 'এ কর্মরত উপ কর কমিশনার	১ সেকশনের জন্য = ৪৫,০০০/- টাকা ১.৫ সেকশনের জন্য = ৭০,০০০/- টাকা ২ সেকশনের জন্য = ৯০,০০০/- টাকা অটোমেটিক মেশিন এর মাধ্যমে ইট প্রস্তুতের ক্ষেত্রে = ১,৫০,০০০/- টাকা
১১.	এলসি কমিশন	ধারা-৫২আই	চট্টগ্রাম জেলার সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ	পরিশোধিত অর্থের ৫%
১২.	ট্রাভেল এজেন্ট	ধারা - ৫২জেজে	চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত ট্রাভেল এজেন্টের পক্ষে বিল পরিশোধে নিয়োজিত ব্যক্তি	মোট টিকেট মূল্য বা মালামাল পরিবহন চার্জের ০.৩০%
১৩.	ট্রেড লাইসেন্স নবায়ন	ধারা-৫২কে	চট্টগ্রাম ও বান্দরবান জেলার সিটি কর্পোরেশন, পৌরসভা	চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা = ৩০০০/- টাকা জেলা শহরে অবস্থিত পৌরসভা = ১০০০/-টাকা অন্যান্য পৌরসভা = ৫০০/-টাকা
১৪.	ফ্রেইট ফরোয়ার্ড এজেন্সি কমিশন	ধারা-৫২এম	বান্দরবান জেলায় ফ্রেইট ফরোয়ার্ড এজেন্সি কমিশন পরিশোধের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি	ফ্রেইট ফরোয়ার্ড এজেন্সি কমিশন এর উপর ১৫%
১৫.	রেন্টাল পাওয়ার	ধারা-৫২এন	বান্দরবান জেলার বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নিয়োজিত ব্যক্তি	যে কোন পাওয়ার জেনারেশন কোম্পানীকে বিদ্যুৎ ক্রয়ে পরিশোধিত বিলের উপর ৬% (উৎসে কর কর্তন ব্যতীত বা হ্রাসকৃত হারে উৎসে কর কর্তনপূর্বক বিল পরিশোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ড হতে এতদ্‌বিষয়ক অব্যাহতি প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে)
১৬.	ডায়মন্ড কাটিং শিল্পে নিয়োজিত বিদেশী প্রকর্মী (Technician)	ধারা-৫২ও	এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	৩০শে জুন, ২০১০ এর পূর্বে নিয়োগকৃত কোন অনিবাসীকে এখাতে বেতনাদি বা রেমুনারেশন বাবদ পরিশোধিত অর্থের ৫%।

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
১৭.	কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, রুম বা হল, হোটেল, কমিউনিটি সেন্টার বা রেষ্টুরেন্ট ভাড়া বা ব্যবহার	ধারা-৫২পি	১. চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ; ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	পরিশোধিত ভাড়ার ৫%
১৮.	লোকাল এলসি’র মাধ্যমে মালামাল ক্রয় বাবদ অর্থ পরিশোধ	ধারা-৫২ইউ	চট্টগ্রাম ও কক্সবাজার জেলার সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ (বাংলাদেশ ব্যাংক ব্যতীত)	উপধারা (১) এর বিধান অনুযায়ী ক্রেতার পক্ষে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বিক্রেতাকে যে অর্থ পরিশোধ করবে তার উপর ৩%। উপধারা (২) এর বিধান অনুযায়ী ডিষ্ট্রিবিউটরের পক্ষে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বর্ণিত Person'কে যে অর্থ পরিশোধ করবে তার উপর ১%। উপধারা (৩) এর বিধান অনুযায়ী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ক্রেতার পক্ষে স্থানীয় ঋণপত্র অথবা অন্য যে কোন অর্থায়ন চুক্তির মাধ্যমে চাল, গম, আলু, পেয়াজ, রসুন, মোটরসুটি, মোটর ডাল, মসুর ডাল, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবন, ভোজ্য তেল, চিনি, গোলমরিচ, দারুচিনি, এলাচ, লবঙ্গ, খেজুর, তেজপাতা, কম্পিউটার বা কম্পিউটার এর আনুষঙ্গিক দ্রব্যাদি, পাট, তুলা, সুতা এবং সকল প্রকার ফল-ফলাদি ক্রয় বা সংগ্রহ করার ক্ষেত্রে স্থানীয় ঋণপত্র বা অর্থায়ন চুক্তির মাধ্যমে বিক্রেতাকে পরিশোধিত অর্থের উপর ২%।
১৯.	পণ্য আমদানি	ধারা-৫৩ বিধি-১৭এ	কাস্টমস কমিশনার	বান্দরবান জেলায় পণ্য আমদানীর ক্ষেত্রে - সাধারণ আমদানীকৃত পণ্যের উপর - ৫% বিশেষ আমদানীকৃত পণ্যের উপর - ২% আমদানীকৃত বিশেষ জিনিষের উপর টন প্রতি ৫০০/- টাকা
২০.	বাড়ি ভাড়া	ধারা-৫৩এ (বিধি-১৭বি)	১. চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ; ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান এবং ধারা-৫৩এ ’তে বর্ণিত অন্যান্য Specified Person.	পরিশোধিত / পরিশোধযোগ্য গৃহসম্পত্তি ও হোটেল ভাড়ার উপর ৫%।

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
২১.	নিবাসী করদাতার শিপিং ব্যবসা	ধারা-৫৩এএ	কাস্টমস কমিশনার অথবা অন্য যে কোন ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ	বান্দরবান জেলায় শিপিং ব্যবসা সম্পাদনের ক্ষেত্রে - বাংলাদেশের অভ্যন্তরে অথবা বাহিরে প্রাপ্ত বা প্রাপ্য মোট ফ্রেইটের উপর ৫% দুই বা ততোধিক foreign countries এর মধ্যে সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত বা প্রাপ্য বিলের উপর ৩%
২২.	পণ্য বা সম্পত্তি নিলামে বিক্রয়	ধারা-৫৩সি	১. বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত); ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	ক) নিলাম / ইজারার ক্ষেত্রে মোট মূল্যের উপর ১০% ; খ) চা পাতা নিলামের ক্ষেত্রে মোট মূল্যের উপর ১% ।
২৩.	অনিবাসী কুরিয়ার ব্যবসা	ধারা-৫৩সিসিসি	অনিবাসী কুরিয়ার কোম্পানী এর স্থানীয় এজেন্ট হিসাবে নিয়োজিত এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী	পণ্য, ডকুমেন্টস, পার্সেল বা অন্য কোন বস্তু বাংলাদেশের বাইরে আনা-নেয়া বাবদ পরিশোধিত সার্ভিস চার্জের ১৫%
২৪.	অভিনেতা, অভিনেত্রী, পরিচালক, ইত্যাদি ব্যক্তিবর্গকে পরিশোধ	ধারা-৫৩ডি	এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	ফিল্ম, ড্রামা, বিজ্ঞাপন অথবা টেলিভিশন, রেডিও প্রোগ্রাম এর জন্য পরিশোধিত অর্থের ১০%
২৫.	নিজস্ব / অন্যের উৎপাদিত পণ্যসহ যে কোন পণ্য যে কোনভাবে পরিবেশন / বিপণনকালে প্রদত্ত কমিশন, ডিসকাউন্ট অথবা ফিস (যে নামেই হোক)	ধারা-৫৩ই(১)	এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	কমিশন, ডিসকাউন্ট অথবা ফিস (যে নামেই হোক) এর উপর ১০%
২৬.	নিজের বা এর পণ্যের প্রচার সংশ্লিষ্ট কাজে নিয়োজিত উক্ত কোম্পানীর পণ্য পরিবেশন বা বাজারজাতকরণের কাজে নিয়োজিত কোন person কে কোন অর্থ পরিশোধ	ধারা-৫৩ই(২)		পণ্য পরিবেশন বা বাজারজাতকরণে পরিশোধিত অর্থের ১.৫%
২৭.	লিখিত চুক্তির অধীনে নির্ধারিত খুচরা মূল্য (M.R.P) অপেক্ষা কম মূল্যে কোন পরিবেশক বা ব্যক্তির নিকট পণ্য/মালামাল বিক্রয়	ধারা-৫৩ই(৩)		B×C এর সমান অংকের ৫% হারে B = কোম্পানী ও ফার্ম কর্তৃক পরিবেশকের নিকট বা চুক্তির অধীন কোন ব্যক্তির নিকট পণ্যের বিক্রয় মূল্য ; C = ৫%
২৮.	বিদেশী ক্রেতার এজেন্টকে কমিশন বা রেমুনারেশন পরিশোধ	ধারা-৫৩ইই	বান্দরবান জেলার সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ (বাংলাদেশ ব্যাংক ব্যতীত)	বান্দরবান জেলার ক্ষেত্রে - এল/সি 'তে উল্লেখিত শর্ত বা অন্য কোন নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংকিং মাধ্যমে রপ্তানীকারক কর্তৃক গৃহীত অর্থের উপর বিদেশী ক্রতার প্রতিনিধি বা এজেন্টকে পরিশোধিত কমিশন, ডিসকাউন্ট, ফি'স, ইনসেন্টিভ, পারফরমেন্স বোনাস বা অন্য যে কোন পেমেন্ট বা বেনিফিট এর ১০%

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
২৯.	রিয়েল এষ্টেট বা ভূমি উন্নয়ন ব্যবসা	ধারা - ৫৩এফএফ	বান্দরবান জেলায় ভূমি, বিল্ডিং, এপার্টমেন্ট এর মালিকানা স্থানান্তরের রেজিষ্ট্রেশনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি	বিল্ডিং বা এপার্টমেন্টের ক্ষেত্রে ধারা ৫৩এফএফ 'এ বর্ণিত হার ভূমি রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে রেজিষ্ট্রেশন মূল্যের ৩%
৩০.	বীমা কমিশন	ধারা-৫৩জি	যে কোন নিবাসীকে বীমা কমিশন পরিশোধের দায়িত্বে নিয়োজিত এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী	বীমা পলিসি চালু রাখা, নবায়ন বা পুনর্জীবিতকরণসহ বীমা ব্যবসার প্রকিউরিং বা সলিসিটিং এর জন্য কোন নিবাসীকে পরিশোধিত কমিশনের উপর ৫%
৩১.	সম্পত্তি হস্তান্তর	ধারা - ৫৩এইচ বিধি - ১৭আইআই(সি)	বান্দরবান জেলায় সম্পত্তি হস্তান্তর বিষয়ক রেজিষ্ট্রেশনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি	ভূমির ক্ষেত্রে রেজিষ্ট্রেশন মূল্যের উপর বান্দরবান জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে দলিল মূল্যের ৩% বান্দরবান জেলার অন্যান্য পৌরসভার ক্ষেত্রে দলিল মূল্যের ২% বান্দরবার জেলার অন্যান্য এলাকার ক্ষেত্রে দলিল মূল্যের ১%
৩২.	সম্পত্তির লীজ প্রদান	ধারা - ৫৩এইচএইচ	বান্দরবান জেলায় লীজ সম্পর্কিত যে কোন ডকুমেন্ট রেজিষ্ট্রেশনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি	রেজিষ্ট্রিকৃত দলিল মূল্যের ৪%
৩৩.	ডাকঘর সঞ্চয় ব্যাংক হিসাবে জমার উপর সুদ	ধারা - ৫৩আই	বান্দরবান জেলায় ডাকঘর সঞ্চয় পত্রের সুদ পরিশোধে নিয়োজিত ব্যক্তি	পরিশোধিত ডাকঘর সঞ্চয় পত্রের সুদের উপর ১০%
৩৪.	জলাধার, খালি জমি, প্ল্যান্ট অথবা মেশিনারী ভাড়া	ধারা-৫৩জে	১. বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত); ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান এবং ধারা-৫৩জে 'তে বর্ণিত Specified Person.	মোট ভাড়ার ৫%
৩৫.	সংবাদপত্র, ম্যাগাজিন, প্রাইভেট টেলিভিশন বা প্রাইভেট রেডিও ষ্টেশন, ওয়েব সাইট, বিল বোর্ড অথবা অন্য যে কোন মাধ্যমে প্রকাশিত / প্রচারিত বিজ্ঞাপন বিল	ধারা-৫৩কে	১. বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ; ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান ;	মোট বিলের ৪%

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
৩৬.	রিয়েল এষ্টেট / ভূমি উন্নয়ন ব্যবসায় নিয়োজিত ব্যক্তি কর্তৃক কোন জমিতে ভবন নির্মাণ বা জমির উন্নয়ন বাবদ উক্ত জমির মালিককে signing money, subsistence money, house rent বা অন্য যে কোন নামে পরিশোধিত অর্থ	ধারা-৫৩পি	১. চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) ; ২. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	প্রদেয় অর্থের ১৫% (এককালীন অর্থ পরিশোধ না করে কিস্তি বা মাসিক ভিত্তিতে পরিশোধিত হলে প্রতিটি কিস্তিতে অর্থ পরিশোধের সময় ১৫% হারে কর কর্তন করতে হবে।)
৩৭.	অভ্যন্তরীণ নৌযান, কার্গো, কন্টেইনার, কোষ্টার, ডামবার্জ এর অনুমিত আয়কর	ধারা-৫৩আর	বান্দরবান জেলায় বর্ণিত নৌযান সমূহের লাইসেন্স নবায়নে নিয়োজিত ব্যক্তি	অভ্যন্তরীণ নৌযান এর ক্ষেত্রে যাত্রী প্রতি - ১২৫/- টাকা ; কার্গো, কন্টেইনার ও কোষ্টার এর ক্ষেত্রে টন প্রতি - ১৭০/- টাকা ; ডামবার্জ এর ক্ষেত্রে টন প্রতি - ১২৫/- টাকা।
৩৮.	লভ্যাংশ	ধারা-৫৪	লভ্যাংশ প্রদানকারী এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান। বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত)	• লভাংশ গ্রহীতা কোম্পানী হলে কোম্পানীর জন্য প্রযোজ্য হার (২০%); • লভাংশ গ্রহীতা কোম্পানী ব্যতীত অন্য যে কোন পর্যায়ভুক্ত হলে - ➢১২ ডিজিটের টিআইএন ধারীর ক্ষেত্রে প্রদেয় লভাংশের ১০% হারে; ➢১২ ডিজিটের টিআইএন ধারী না হলে প্রদেয় লভাংশের ১৫% হারে।
৩৯.	লটারী	ধারা-৫৫	এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী /প্রতিষ্ঠান। বান্দরবান জেলায় অবস্থিত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত)	২০%

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত		সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
৪০.	অনিবাসী আয় :		ধারা-৫৬	এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	
	১.	পরামর্শক বা কনসালটেন্সী সার্ভিস			২০%
	২.	প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস			২০%
	৩.	প্রফেশনাল সার্ভিস, টেকনিক্যাল সার্ভিসেস, টেকনিক্যাল নো-হাউ বা টেকনিক্যাল এ্যাসিসটেন্স			২০%
	৪.	আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন			২০%
	৫.	সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি			২০%

ক্রমিক নং	উৎসে কর কর্তনের খাত	সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি	উৎসে আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ	কর কর্তনের হার
	৬. স্যাটেলাইট ভাড়া বা চার্জ, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি, চ্যানেল ব্রডকাস্ট ভাড়া	ধারা-৫৬	এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী ও বিশেষ অধিক্ষেত্রাধীন কোম্পানী / প্রতিষ্ঠান।	২০%
	৭. লিগ্যাল সার্ভিস			২০%
	৮. ইভেন্ট ম্যানেজমেন্টসহ ম্যানেজমেন্ট সার্ভিস			২০%
	৯. কমিশন			২০%
	১০. রয়্যালটি, লাইসেন্স ফি বা ইনট্যানজিবল সংশ্লিষ্ট পরিশোধ			২০%
	১১. সুদ / মুনাফা			২০%
	১২. বিজ্ঞাপন প্রচার			২০%
	১৩. বিজ্ঞাপন তৈরী অথবা ডিজিটাল মার্কেটিং			১৫%
	১৪. এয়ার বা ওয়াটার ট্রান্সপোর্ট (ধারা ১০২ বা ১০৩এ 'তে বর্ণিত পরিবহন সেবার ক্ষেত্র ব্যতীত)			৭.৫%
	১৫. উৎপাদন, প্রক্রিয়াকরণ বা রূপান্তরকরণ, সিভিল কাজ, নির্মাণ, ইঞ্জিনিয়ারিং বা অনুরূপ প্রকৃতির কাজে নিয়োজিত ঠিকাদার / উপ-ঠিকাদার			৭.৫%
	১৬. যোগানদার / সরবরাহকারী			৭.৫%
	১৭. মুলধনী মুনাফা			১৫%
	১৮. ইন্স্যুওরেন্স প্রিমিয়াম			১০%
	১৯. যন্ত্রপাতি, যন্ত্রাংশ ইত্যাদি ভাড়া			১৫%
	২০. লভ্যাংশ - ক) কোম্পানী, ফান্ড এবং ট্রাষ্ট			২০%
	খ) কোম্পানী, ফান্ড এবং ট্রাষ্ট ব্যতীত অন্য যে কোন ব্যক্তি			৩০%
	২১. শিল্পী, গায়ক / গায়িকা, খেলোয়াড়গণ			৩০%
	২২. বেতন বা রেমুনারেশন			৩০%
	২৩. তৈল-গ্যাস অনুসন্ধান অথবা উত্তোলন সংক্রান্ত কূপ খনন কাজ			৫.২৫%
	২৪. কয়লা, তৈল-গ্যাস অনুসন্ধানে সকল প্রকার জরীপ কাজ			৫.২৫%
	২৪A. জেনারেল ইন্সুরেন্স কোম্পানী এর সার্ভেয়ারদের প্রদত্ত ফি ও অন্যান্য			২০%
	২৫. তৈল-গ্যাস ক্ষেত্রে (Field) অনুসন্ধান, উত্তোলন অথবা পাইপ লাইন বা অন্য কোন পদ্ধতিতে তৈল-গ্যাস ক্ষেত্র (Field) থেকে তৈল বা গ্যাস রপ্তানী পয়েন্ট (Export Point) পর্যন্ত প্রদত্ত অন্য যে কোন সেবা			৫.২৫%
	২৬. উপরোক্ত খাতসমূহ ব্যতীত অন্য যে কোন সেবা			২০%
	২৭. ব্যান্ডউইথ বাবদ পরিশোধ			১০%
	২৮. এতদ্ব্যতীত ধারা ৫৬ এর অধীন যে কোন পরিশোধ			২০%

আপনার প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত খাতের সকল ধরনের বিল / বিলের বিপরীতে অগ্রিম পরিশোধের সময় প্রযোজ্য হারে উৎসে কর্তিত / সংগৃহীত আয়কর **উপ কর কমিশনার (সদর ঃ প্রশাসন), কর অঞ্চল-২, চট্টগ্রাম** বরাবরে পে-অর্ডার / ডি.ডি অথবা চালানের মাধ্যমে জমা প্রদান করা যাবে।

ধারা ৫৮(৩) - উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ কর্তৃক আয়কর কর্তৃপক্ষকে তথ্য প্রদান ঃ

কোন ব্যক্তি (উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ) প্রতিমাসে বিভিন্ন খাতে যে উৎসে কর কর্তন বা আদায় করেন তার তথ্য আয়কর বিধিমালা, ১৯৮৪ এর Rule 18(1)(2)(3) 'তে বিধৃত বিবরণীতে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিধান রয়েছে। উল্লিখিত উৎস করের বিবরণী যথাসময়ে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২৪ অনুযায়ী জরিমানার বিধান রয়েছে (আয়কর পরিপত্র-১/২০১৮-২০১৯, অনুচ্ছেদ-১৩)।

কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক উৎসে কর্তিত/সংগৃহীত কর ধারা-৫৯ ও বিধি-১৩ মোতাবেক সরকারী কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে -

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধি-১৩ ঃ উৎসে কর্তিত / সংগৃহীত কর জমাদানের সময়সীমা :

আপনার অধীন প্রতিষ্ঠানের বিভিন্ন বিল হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধ্যায় VII অনুযায়ী উৎসে কর্তিত / সংগৃহীত কর নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে সরকারী কোষাগারে জমাদান নিশ্চিত করতে হবে -

উৎসে কর কর্তন / সংগ্রহের সময়সীমা	সরকারী কোষাগারে জমাদানের সময়সীমা
ক) অর্থ বছরের জুলাই থেকে মে মাস পর্যন্ত	যে তারিখে উৎসে কর কর্তন / সংগ্রহ হবে সে মাস শেষ হওয়ার পরবর্তী ২ (দুই) সপ্তাহের মধ্যে।
খ) অর্থ বছরের জুন মাসের ১ হতে ২০ তারিখ পর্যন্ত	যে তারিখে উৎসে কর কর্তন / সংগ্রহ হবে সে তারিখ হতে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে।
গ) অর্থ বছরের জুন মাসের অবশিষ্ট দিনগুলোতে (২১-২৮ জুন)	যে দিন উৎসে কর কর্তন / সংগ্রহ হবে সে তারিখের পরের দিন।
ঘ) জুন মাসের শেষ ২ (দুই) কার্যদিবস (২৯-৩০ জুন)	আদায়ের দিন।

উৎসে কর কর্তন ও কর্তিত উৎসে কর জমাদানে ব্যর্থতায় জরিমানার বিধান ঃ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর VII অধ্যায় এর অধীন সকল ধারায় উৎসে কর্তিত কর এবং বিধি ১৩ (উপরের ছকে) 'তে বর্ণিত বিধিবদ্ধ সম য়র মধ্যে **উৎসে কর্তিত/সংগৃহীত কর সরকারী কোষাগারে জমাদানে ব্যর্থ হলে** নিম্নলিখিত আইনানুগ কার্যক্রম গ্রহণ করার বিধান রয়েছে ঃ

১. উৎসে কর কর্তন/সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে খেলাপী করদাতা (assessee in default) হিসাবে গণ্য করা হবে (ধারা-৫৭)।
২. যে পরিমান উৎসে কর কর্তন বা আদায় করা হয়নি, যে পরিমান উৎসে কর কম কর্তন বা আদায় করা হয়েছে, উৎসে কর কর্তন বা আদায়ের পর যে পরিমান অর্থ সরকারী কোষাগারে জমা দেয়া হয়নি, উক্ত পরিমান অংক পরিশোধ করার জন্য ব্যক্তিগতভাবে দায়ী করে সে অর্থ তার নিকট থেকে আদায় করা হবে (ধারা-৫৭)।
৩. উপরোল্লিখিত ক্ষেত্র ব্যতীত উৎসে কর কর্তন সংশ্লিষ্ট অন্য যে কোন বিধান পরিপালনের ব্যর্থতায় অনধিক ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানার বিধান রয়েছে।
৪. এতদ্ব্যতীত অনাদায়কালীন সময়ের জন্য উল্লিখিত করের উপর প্রতি মাসে ২% হারে অতিরিক্ত কর আদায়যোগ্য হবে (ধারা ৫৭)।
৫. সরকার বা সরকারি কর্তৃপক্ষ বা কর্পোরেশন বা সরকারি অঙ্গ প্রতিষ্ঠান (এর সঙ্গে যুক্ত হবে কোন ইউনিট, প্রজেক্ট, প্রোগ্রাম বা কার্যক্রম যেখানে সরকারের ফিন্যান্সিয়াল বা অপারেশনাল সংশ্লিষ্টতা রয়েছে) এর ক্ষেত্রে অর্থ পরিশোধের অনুমোদনকারী ব্যক্তি বা ছাড়পত্র, রেজিষ্ট্রেশন, লাইসেন্স, পারমিট ইত্যাদি অনুমোদনকারী ব্যক্তি ৫৭ ধারার অধীনে এককভাবে এবং যৌথভাবে আয়কর, জরিমানা এবং অতিরিক্ত অর্থ পরিশোধে দায়বদ্ধ থাকবে।
৬. সরকার বা সরকারি কর্তৃপক্ষ বা কর্পোরেশন বা সরকারি অঙ্গ প্রতিষ্ঠান ব্যতীত ধারা-৫২(২)(a) -তে বর্ণিত Person এর ক্ষেত্রে প্রতিষ্ঠান নিজেই বা অর্থ পরিশোধের অনুমোদনকারী ব্যক্তি ৫৭ ধারার অধীনে এককভাবে এবং যৌথভাবে আয়কর, জরিমানা এবং অতিরিক্ত অর্থ পরিশোধে দায়বদ্ধ থাকবে।
৭. ৩০(এ) ও ৩০(এএ) ধারাসমূহ মোতাবেক উৎসে কর কর্তনের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের কর নির্ধারণের সময় প্রতিষ্ঠান কর্তৃক লাভ-ক্ষতি হিসাবে দাবীকৃত অনুমোদনযোগ্য খরচ (allowable expenses) যার ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য, উক্ত খরচের বিপরীতে উৎসে কর কর্তনের ব্যর্থতার জন্য, দাবীকৃত খরচের সমুদয় অংক উক্ত প্রতিষ্ঠানের আয় হিসাবে গণ্য পূর্বক তার উপর নিয়মিত হারে কর আরোপের বিধান রয়েছে।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৭৫এ ও বিধি ২৪এ মোতাবেক অর্ধবার্ষিক রিটার্ন দাখিল প্রসঙ্গে ঃ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৭৫এ ও অর্থ আইন ২০১১ এর মাধ্যমে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ হিসাবে কোম্পানী, সমবায় সমিতি, এনজিও ব্যুরোতে নিবন্ধিত প্রত্যেক এনজিও, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির লাইসেন্স প্রাপ্ত মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার, আন্তর্জাতিক কারিকুলাম অনুসরণ করে শিক্ষা প্রদানকারী ইংরেজী মাধ্যমের স্কুল, আইন সৃষ্ট কৃত্রিম ব্যক্তি, স্থানীয় কর্তৃপক্ষ, ফার্ম অথবা ব্যক্তি সংঘ পর্যায়ভূক্ত করদাতা প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠানের নিকট হতে উৎসে কর কর্তন সংক্রান্ত তথ্য প্রমাণাদিসহ একটি অর্ধবার্ষিক রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

❖ কিভাবে অর্ধবার্ষিক রিটার্ন দাখিল করবেন ?

আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ২৪এ -তে বর্ণিত এ সংক্রান্ত রিটার্ন ফরমে সকল উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ তাদের উৎসে কর কর্তন সংক্রান্ত তথ্য প্রমাণাদি দাখিল করতে হবে এবং কোম্পানীর ক্ষেত্রে মুখ্য কর্মকর্তা , অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত ব্যক্তি কর্তৃক রিটার্নটি স্বাক্ষরিত ও প্রতিপাদিত হতে হবে। উল্লেখিত অর্ধবার্ষিক রিটার্নের সাথে উৎসে কর কর্তন সংক্রান্ত প্রযোজ্য সকল তফসিল, বিবরণী, হিসাব সংযোজনী, দলিলাদি এবং সংশ্লিষ্ট ট্রেজারী চালান বা পেমেন্ট অর্ডারের কপি সংযুক্ত করতে হবে।

❖ কার নিকট অর্ধবার্ষিক রিটার্ন দাখিল করবেন ?

উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ বা করদাতা প্রতিষ্ঠানসমূহ যে সার্কেল বা কর্তৃপক্ষের নিকট নিয়মিত আয়কর রিটার্ন দাখিল করা হয় বা যেখানে তার কর নির্ধারণ সম্পন্ন হয় বা উৎসে কর কর্তন এর মনিটরিং এর দায়িত্বপ্রাপ্ত কর অঞ্চল, সে সার্কেল বা কর অঞ্চলে উৎসে কর কর্তন সংক্রান্ত এই রিটার্ন দাখিল করতে হবে। যে কোন অংকের উৎসে কর কর্তন করা হলে এই ধারার আওতায় রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা থাকবে।

❖ কখন অর্ধবার্ষিক রিটার্ন দাখিল করবেন ?

প্রতি অর্থ বৎসরের ৩১শে জানুয়ারী ও ৩১শে জুলাই তারিখের মধ্যে সংশ্লিষ্ট অর্ধবার্ষিক মেয়াদের রিটার্ন দাখিল করতে হবে।

❖ সর্তকীকরণ ঃ

নির্ধারিত সময়ের মধ্যে কোম্পানী, সমবায় সমিতি, এনজিও ব্যুরোতে নিবন্ধিত প্রত্যেক এনজিও, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির লাইসেন্স প্রাপ্ত মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার, আন্তর্জাতিক কারিকুলাম অনুসরণ করে শিক্ষা প্রদানকারী ইংরেজী মাধ্যমের স্কুল, আইন সৃষ্ট কৃত্রিম ব্যক্তি, স্থানীয় কর্তৃপক্ষ ফার্ম অথবা ব্যক্তি সংঘ পর্যায়ভুক্ত করদাতাগণ কর্তৃক এই রিটার্ন দাখিল করা না হলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২৪(২) অনুযায়ী জরিমানা আরোপের বিধান রয়েছে।

কর অঞ্চল-২, চট্টগ্রাম এর উৎসে কর কর্তন মনিটরিং সেলের সাথে প্রযোজ্য ক্ষেত্রে যোগাযোগের জন্য ঃ	
অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১ ও আহ্বায়ক, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩১৬৩৫০
যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২ ও সদস্য, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩২০৮৭৫
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন) ও সদস্য সচিব, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩১৫৫৭২
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক) ও সদস্য, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩২৪৬৯৬

সামিয়া আখ্তার
কর কমিশনার
(চলতি দায়িত্ব)
কর অঞ্চল-২, চট্টগ্রাম।